



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
কৃষি ভবন  
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০  
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)  
[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)

স্মারক নং-১২.২৪৩.০১৮.০২.১১.০১৪.২০০৩- ৩২২


তারিখঃ ২৩ আগস্ট, ২০১৮ খ্রিঃ।

জনাব আব্দুল মতিন চৌধুরী,  
নূর এন্টারপ্রাইজ, ১১৮/১,  
উত্তর বাসাবো, ঢাকা-১২১৪।

বিষয়ঃ বকেয়া ভাড়া ও অন্যান্য পাওনাদি পরিশোধসহ গুদাম ও অন্যান্য স্থাপনাদি হস্তান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের আওতাধীন নোয়াখালী অঞ্চলের লক্ষ্মীপুর জেলাধীন রায়পুরস্থ ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনা ০১/০১/১৯৯৬ তারিখে সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তির মাধ্যমে প্রথম পর্যায়ে ০১/০১/১৯৯৬ হতে ৩১/১২/১৯৯৮ পর্যন্ত মেয়াদে আপনার নিকট ভাড়া দেয়া হয়। পরবর্তী পর্যায়ে বিভিন্ন দফায় সম্পাদিত নবায়ন চুক্তির মাধ্যমে ভাড়া চুক্তির মেয়াদকাল বৃদ্ধি করা হয়। সর্বশেষ পর্যায়ে ০১/০৭/২০০৯ হতে ৩০/০৬/২০১২ পর্যন্ত মেয়াদে চুক্তি নবায়ন করার লক্ষ্যে অনুমোদন দেয়া হলেও চুক্তি নবায়নের কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি। এতে প্রমাণিত হয় যে, আপনি অবৈধভাবে ও স্বেচ্ছাচারিতার বশে উক্ত স্থাপনাসমূহ নিয়ম বহির্ভূতভাবে ব্যবহার করে চলছেন। এমনকি ডিসেম্বর/২০১২ হতে অদ্যাবধি সময় পর্যন্ত কোনরূপ পাওনা পরিশোধ করেননি। ফলে বকেয়া ভাড়া (ভ্যাট ও অন্যান্য পাওনা ব্যতীত) হিসাবে আপনার নিকট অদ্যাবধি ২,৯৯,৮৩০/- (দুই লক্ষ নিরানব্বই হাজার আটশত ত্রিশ) টাকা পাওনা রয়েছে। বিভিন্ন সময়ে বিভিন্ন দপ্তর হতে সমুদয় বকেয়া ভাড়া পরিশোধসহ গুদাম ও অন্যান্য স্থাপনা নির্ধারিত সময়ের মধ্যে হস্তান্তরের জন্য অনুরোধ করা হলেও ভাড়া পরিশোধে এবং স্থাপনাসমূহ হস্তান্তরে কোনরূপ উদ্যোগ গ্রহণ করেননি। বিষয়টি ইতিপূর্বে সম্পাদিত চুক্তি পরিপন্থি কাজ।

০২. এমতাবস্থায়, আপনার নিকট প্রাপ্য সমুদয় পাওনা পরিশোধপূর্বক আপনার মাধ্যমে অবৈধভাবে ব্যবহৃত বিএডিসি'র গুদাম ও অন্যান্য স্থাপনা অতি দ্রুততার সহিত যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, নোয়াখালীর নিকট বিনা ব্যর্থতায় হস্তান্তরের জন্য শেষ বারের মতো অনুরোধ করা হলো। কোনরূপ স্বতন্ত্র ঘটলে আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)  
বিএডিসি, ঢাকা।  
ফোন: ৯৫৫ ৪০১৬



অনুলিপিঃ

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩. যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, নোয়াখালী।
৪. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৫. অফিস কপি।